গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এমপিও সেল
www.tmed.gov.bd

নথি নং- ৫৭.০০.০০০০.০৪৩.৯৯.৩০.২০-১৪৮

তারিখ ১৪ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে ও এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারীদের এমপিওভুক্তির জটিলতা নিরসণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে ও এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারীদের এমপিওভুক্তির জটিলতা নিরসনকল্পে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৯৭৭৭/২০১৬ এবং ৯৭৯০/২০১৬ এর ২৭.০৭২০১৭ তারিখের আদেশের আলোকে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারী ও এনটিআরসিএ'র নিবন্ধনধারী সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে এনটিআরসিএ কর্তৃক ১০.০১.২০১৯ তারিখ এবং ২৮.০৫.২০১৯ তারিখে সুপারিশপ্রাপ্তরা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবলকাঠামো-২০১৮ এর শূন্যপদে এমপিওভুক্ত হবেন। সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে এনটিআরসিএ কর্তৃক ১ম নিয়োগ চক্রের (শুধুমাত্র ১০.০১.২০১৯ তারিখ এবং ২৮.০৫.২০১৯ তারিখ) পরবর্তী নিয়োগের ক্ষেত্রে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ প্রযোজ্য হবে।"

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৯ অনুচ্ছেদ অনুযায়ী তাঁরা পূর্বের কোন বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না। সংশ্লিষ্ট শিক্ষকের একাডেমিক সনদ, নিবন্ধন সার্টিফিকেট ও এনটিআরসিএ'র সুপারিশ যথাযথ থাকলে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর শূন্যপদে কর্মরত থাকলে তাঁদের এমপিওভুক্তি অনলাইনে আবেদনের তারিখ থেকে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৯/৭/২০২০

(মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া)
উপসচিব
ফোন: ৯৫৭৫৮০৭

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. কমিশনার, ..........................................বিভাগ (সকল)।
৮. জেলা প্রশাসক, ......................................জেলা (সকল)।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

চলমান পাতা-২

১২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)। ।
১৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,......................... অঞ্চল (সকল)।
১৪. সিনিয়র সহকারি সচিব (বাজেট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
১৫. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,......................... অঞ্চল (সকল)।
১৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,......................... বিভাগ (সকল)।
১৯. উপজেলা নির্বাহী অফিসার,..........................(সকল)।
২০. জেলা শিক্ষা অফিসার,..........................(সকল)।
২১. জেলা হিসাবরক্ষণ অফিসার,..........................(সকল)।
২২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,..........................(সকল)।
২৩. উপজেলা হিসাবরক্ষণ অফিসার,..........................(সকল)।
২৪. অফিস নথি।